Planning and Development Office
University of Dhaka
Administrative Building
Dhaka-1000, Bangladesh
Phone: 58050058,09666911463/4065
Fax: 880-2-55167810
E-mail: dir.planning@du.ac.bd

পরিকল্পনা ও উন্নয়ন অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়
প্রশাসনিক ভবন
ঢাকা-১০০০, বাংলাদেশ
ফোনঃ ৫৮০৫০০৫৮,০৯৬৬৬৯১১৪৬৩/৪০৬৫
ফ্যাক্স: ৮৮০-২-৫৫১৬৭৮১০
ই মেইল : dir.planning@du.ac.bd

নং-ঢা:বি:/পওউ/ EGP/২৯০/২০২৩/ ১২৭২

তারিখ: ০৪.১২.১৪৩০ বঙ্গাব্দ
১৮.০৩.২০২৪ খ্রীস্টাব্দ

সিন্ডিকেটের (০৩-৩-২০২৪) কার্যবিবরণীর অংশ

Electronic Government Procurement (EGP) পদ্ধতি চালু ও
কর্মপদ্ধতি নির্ধারণকরণ জন্য গঠিত কমিটির সুপারিশ

২(৪)। ফাইন্যান্স কমিটির (৩০-১০-২০২৪) সুপারিশ অনুযায়ী সিন্ডিকেট (৩১-১০-২০২৩) সিদ্ধান্ত মোতাবেক ঢাকা বিশ্ববিদ্যালয় Electronic Government Procurement (EGP) পদ্ধতি চালু ও বাস্তবায়নের লক্ষ্যে কর্মপদ্ধতি নির্ধারণের জন্য গঠিত কমিটির (২০-১২-২০২৩) সুপারিশ অনুমোদনের বিষয় আলোচনা করা হয়।

উল্লেখ্য, পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ ও পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮-এ ইলেকট্রনিক গভর্নমেন্ট প্রকিউরমেন্ট (ই-জিপি)-তে দরপত্র সম্পন্ন করার নির্দেশনা রয়েছে। এছাড়াও উন্নয়ন প্রকল্পের ক্রয়কার্য সম্পাদনে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের প্রশাসনিক আদেশ অনুযায়ী ইলেকট্রনিক গভর্নমেন্ট প্রকিউরমেন্ট (ই-জিপি)-তে করার বাধ্যবাধকতা আছে। তদানুযায়ী প্রস্তাবিত সকল প্রকল্প প্রস্তাবনা (ডিপিপি)-তে যাবতীয় ক্রয় কার্য EGP-তে সম্পাদনের প্রস্তাব করা হচ্ছে। প্রকৌশল দপ্তর কর্তৃক ২০২২-২৩ এবং ২০২৩-২৪ অর্থ বছরে অদ্যাবধি ক্রয় পদ্ধতি পর্যালোচনায় দেখা যায় যে, আরএফকিউ পদ্ধতিতে ০৩টি, ওটিএম পদ্ধতিতে ১১টি ইলেকট্রনিক গভর্নমেন্ট প্রকিউরমেন্ট (ই-জিপি)-তে দরপত্র নিস্পত্তি করা হয়েছে। সার্বিক বিষয়সমূহ পর্যালোচনান্তে এটা প্রতীয়মান যে ইলেকট্রনিক গভর্নমেন্ট প্রকিউরমেন্ট (ই-জিপি)-তে দরপত্র নিস্পন্ন করার বাধ্যবাধকতা যেমন রয়েছে তেমনি প্রকৌশল দপ্তর এবং প্রকল্প পরিচালকের এতবিষয়ে সক্ষমতা রয়েছে।

কমিটির (২০-১২-২০২৩) নিম্নোক্ত সুপারিশ অনুমোদন করা হলো:

সিদ্ধান্ত: ফাইন্যান্স কমিটির (২৮-০২-২০২৪), সুপারিশ অনুযায়ী ১। প্রাথমিক পর্যায়ে প্রকৌশল দপ্তর থেকে ১০.০০ (দশ) লক্ষ টাকা হতে তদুর্ধ্ব মূল্যের সকল ক্রয়কার্য ইজিপি-তে সম্পন্ন করার সুপারিশ করা হলো।

২। আগামী ২০২৪-২০২৫ অর্থ বছর থেকে প্রকৌশল দপ্তরের সকল ক্রয়কার্য ইজিপি-তে প্রক্রিয়াকরণের সুপারিশ করা হলো।

৩। টিইসির আহবায়ক ও ক্রয়কারী কার্যালয় প্রধান (HOPE) দপ্তরে ই-জিপি নথি প্রক্রিয়াকরণের জন্য দক্ষ জনবলকে দায়িত্ব প্রদান করার সুপারিশ করা হলো। ক্রয়কারীগণের সুনির্দিষ্ট তালিকা প্রণয়ন করতে হবে।

৪। ডোমেইন এ্যাকাউন্টে ই-মেইল আইডি প্রাপ্তি সহজীকরণ করার জন্য সংশ্লিষ্টদের নির্দেশনা প্রদানের সুপারিশ করা হলো।

৫। পর্যায়ক্রমে বিশ্ববিদ্যালয়ের সকল ক্রয়কারীকে ইজিপি-তে প্রশিক্ষিত করার সুপারিশ করা হলো।

৬। ২০২৫ সালের ১লা জানুয়ারি থেকে বিশ্ববিদ্যালয়ের সকল ক্রয় প্রক্রিয়া ইজিপি-তে সম্পন্ন করার সুপারিশ করা হলো।

স্বা:-
০৫-০৩-২০২৪
ডেপুটি রেজিস্ট্রার (প্রশাসন-৫)
ঢাকা বিশ্ববিদ্যালয়

অবগতি/প্রয়োজনীয় কার্যার্থে প্রেরিত (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)